

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,
উপজেলা কার্যালয়, কালুখালী, রাজবাড়ী।
doict.kalukhali.rajbari.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৮২৪৭.০০০.৩২.০০১.২০.৭

তারিখ: ২৫ শ্রাবণ, ১৪২৭ বঃ
৯ আগষ্ট, ২০২০ খ্রি.

বিষয়: করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকার শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম রক্ষনাবেক্ষণ প্রসঙ্গে।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.৩২.০০১.২০.৯৮৪ তারিখ: ০৩/০৮/২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের মহামারির কারণে প্রায় চার মাস ধরে বাংলাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় দীর্ঘ দিন যাবৎ শেখ রাসেল ডিজিটাল ল্যাব/ক্লাসরুম ব্যবহার না করার কারণে ল্যাবগুলোতে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী যেমনঃ ল্যাপটপ, ডেস্কটপ, ট্যাব, প্রিন্টার, স্ক্যানার, রাউটার ইত্যাদি যন্ত্রাংশ সমূহের সঠিক রক্ষনাবেক্ষণ হচ্ছে না। অনেকদিন ধরে ল্যাপটপসমূহের ব্যাটারিগুলো চার্জ না দেয়ার ফলে সেগুলো ক্ষতি বা নষ্ট হয়ে যেতে পারে।

এমতাবস্থায়, করোনা কালীন শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষনাবেক্ষণের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল।

- প্রতি সপ্তাহে অন্তত একবার ল্যাপটপ গুলো ৪০-৫০% চার্জ দিতে হবে।
- সম্ভব হলে চার্জ দেয়ার পরে ল্যাপটপগুলো ব্যবহার না করা হলে ব্যাটারিগুলো খুলে বায়ুরোধী প্লাস্টিকের থলিতে শুকনো জায়গায় সংরক্ষণ করতে হবে।
- ল্যাপটপ বা ডেস্কটপে কোন গুরুত্বপূর্ণ ডকুমেন্টস বা ডাটা ব্যাক আপ রাখতে হবে।
- ইন্টারনেট ব্যবহার করা সম্ভব হলে তা অবশ্যই ব্যবহার করা এবং উইন্ডোস, এন্টিভাইরাস ইত্যাদি গুরুত্বপূর্ণ সফটওয়্যারগুলো আপডেট রাখতে হবে।
- কম্পিউটার ল্যাব এবং যন্ত্রাংশসমূহ নিয়মিত পরিষ্কার পরিছন্ন রাখতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিজ উদ্যোগে কম্পিউটার ল্যাবগুলো ব্যবহার করে অনলাইনে পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রাপকঃ

কালুখালী, রাজবাড়ী।


২২/০৭/২০২০

মোঃ মিরাজুল ইসলাম
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,
উপজেলা কার্যালয়, কালুখালী, রাজবাড়ী।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী, রাজবাড়ী।
- ৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী।
- ৫) অফিস কপি।